

اَلْوَكِيلُ ক্রমাকল الْوَكِيلُ

অর্থ

পরম নির্ভরযোগ্য কর্ম-সম্পাদনকারী, তত্ত্বাবধায়ক, সহায় প্রদানকারী, আস্থাভাজন উকিল

English

- ☐ Al-Wakil
- The One who gives the satisfaction and is relied upon.
- The Guardian, the Trustee

ব্যাখ্যা

আল-ওয়াকীল (তত্ত্বাবধায়ক) | Al-Wak□l | The Trustee, The Disposer of Affairs

১০৩- আল-ওয়াকীল (তত্ত্বাবধায়ক, সহায় প্রদানকারী, আস্থাভাজন উকিল)[1]:

আল-ওয়াকিল হলেন যিনি সৃষ্টিকুলকে তাঁর ইলম, পূর্ণ কুদরত ও ব্যাপক হিকমত অনুসারে পরিচালনা করেন ও তত্ত্বাবধায়ন করেন। তিনি তাঁর প্রিয় বান্দাদের অভিভাবক, তাদেরকে তিনি সহজ করেন, কঠোরতা পরিহার করেন এবং তিনি তাদের জন্য সব কাজে যথেষ্ট। সুতরাং যে ব্যক্তি আল্লাহকে অভিভাবক বানাবে তার জন্য তিনিই যথেষ্ট। আল্লাহ তা'আলা বলেছেন,

"যারা ঈমান এনেছে আল্লাহ তাদের অভিভাবক, তিনি তাদেরকে অন্ধকার থেকে আলোর দিকে বের করে আনেন।" [সূরা আল-বাকারা, আয়াত: ২৫৭]

[1] এ নামের দলিল হলো আল্লাহর নিম্নোক্ত বাণী,

"আল্লাহ সব কিছুর স্রষ্টা এবং তিনি সব কিছুর তত্ত্বাবধায়ক।" [সূরা আয-যুমার, আয়াত: ৬১]



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন